গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
রক্ষণাবেক্ষণ অধিশাখা
www.rthd.gov.bd

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অধীনস্ত দপ্তর/সংস্থার ২০২০-২০২১ অর্থ বছরের প্রথম প্রান্তিক (জুলাই-সেপ্টেম্বর) এর NIS কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদন পর্যালোচনাপূর্বক ফিডব্যাক প্রদান এবং NIS কর্ম-পরিকল্পনার দ্বিতীয় প্রান্তিক (অক্টোবর-ডিসেম্বর) এর অক্টোবর মাসের অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ আব্দুল মালেক<br>অতিরিক্ত সচিব (প্রশাসন) ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা<br>সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| তারিখ | : | ২৯ অক্টোবর, ২০২০ |
| সময় | : | বিকাল ৩.০০ ঘটিকা |
| স্থান | : | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে এ বিভাগের NIS বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব দীপঙ্কর মন্ডল, উপসচিব বলেন যে, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অধীনস্ত দপ্তর/সংস্থার জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ প্রথম প্রান্তিক (জুলাই-সেপ্টেম্বর, ২০২০) এর অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনাপূর্বক ফিডব্যাক প্রদান এবং NIS কর্ম-পরিকল্পনার মাসিক অগ্রগতি পর্যালোচনা বিষয়ে এ সভার আয়োজন করা হয়েছে। অতঃপর তিনি ২০২০-২০২১ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতির প্রথম ত্রৈমাসিক প্রতিবেদনসমূহের সংস্থাভিত্তিক সার-সংক্ষেপ এবং দ্বিতীয় প্রান্তিকের অক্টোবর মাসের বাস্তবায়ন অগ্রগতি সভায় পর্যায়ক্রমে উপস্থাপন করেন।

২.০ সভায় সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অধীনস্ত দপ্তর/সংস্থার NIS কর্ম-পরিকল্পনাভূক্ত দ্বিতীয় প্রান্তিকের উল্লেখযোগ্য কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি নিম্নোক্তভাবে পর্যালোচনা করা হয় :

| ক্রম | সংস্থার নাম | NIS ক্রম | NIS কার্যক্রমের নাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | সওজ | NIS অগ্রগতি প্রতিবেদন ও সংযুক্ত প্রমাণক সঠিক পাওয়া যায়। | | সওজ অধিদপ্তরকে ধন্যবাদ দেয়া হয়। |
| ২ | ডিটিসিএ | ১.২ | নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | অর্জনের স্বপক্ষে প্রমাণক সংযুক্ত করা হয়নি। পূর্ববর্তী সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির বিবরণ সংযুক্ত করতে হবে। |
| | | ৬.১ | প্রকল্পের বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুমোদন এর পরিবর্তে ৬.১ প্রকল্পের বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুমোদন/বিভাগে চলমান প্রকল্প উন্নয়ন কার্যক্রম পর্যালোচনা হিসাবে প্রতিস্থাপিত হবে | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী কার্যক্রমের নাম পরিবর্তন করা হয়নি। |
| | | ৮.১ | স্ব স্ব সেবাপ্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) প্রণয়ন ও বাস্তবায়নের পরিবর্তে ৮.১ স্ব স্ব সেবাপ্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) প্রণয়ন/হালনাগাদকরণ ও বাস্তবায়ন' প্রতিস্থাপিত হবে | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী কার্যক্রমের নাম পরিবর্তন করা হয়নি। |
| ৩ | বিআরটিএ | ৬.১ | প্রকল্পের বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুমোদন এর পরিবর্তে ৬.১ প্রকল্পের বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুমোদন/বিভাগে চলমান প্রকল্প উন্নয়ন কার্যক্রম পর্যালোচনা হিসাবে প্রতিস্থাপিত হবে | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী কার্যক্রমের নাম পরিবর্তন করা হয়নি। |
| | | ৮.১ | স্ব স্ব সেবাপ্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) প্রণয়ন ও বাস্তবায়নের পরিবর্তে ৮.১ স্ব স্ব সেবাপ্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) প্রণয়ন/হালনাগাদকরণ ও বাস্তবায়ন' প্রতিস্থাপিত হবে | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী কার্যক্রমের নাম পরিবর্তন করা হয়নি। |

চলমান পাতা-২

| | | | | |
|---|---|---|---|---|
| ৪ | বিআরটিসি | ১.২ | নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | অর্জনের স্বপক্ষে প্রমাণক সংযুক্ত করা হয়নি। পূর্ববর্তী সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির বিবরণ সংযুক্ত করতে হবে। |
| | | ৪.৩ | ৪.২ স্ব স্ব শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদ করণ | অর্জন ১/৮/২০২০ কিন্তু ওয়েবসাইট হালনাগাদকরণ করা হয়নি। কোন প্রমাণক সংযুক্ত করা হয়নি। |
| | | ৪.৩ | স্ব স্ব ওয়েবসাইটে তথ্য অধিকার সেবাবক্স হালনাগাদ করণ | অর্জন ৫/৮/২০২০ কিন্তু কোন প্রমাণক সংযুক্ত করা হয়নি। |
| | | ৪.৪ | স্ব স্ব ওয়েবসাইটের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সেবাবক্স হালনাগাদ করণ | অর্জন ৩০/৭/২০২০ কিন্তু ওয়েবসাইট হালনাগাদকরণ করা হয়নি। কোন প্রমাণক সংযুক্ত করা হয়নি। |
| | | ৫.২ | অনলাইন সিস্টেমে অভিযোগ নিষ্পত্তিকরণ | কার্যক্রমের স্বপক্ষে শুধুমাত্র প্রত্যয়ন আছে কিন্তু কোন প্রমাণক/পরিসংখ্যান সংযুক্ত করা হয়নি। |
| | | ৭.১ | ২০২০-২০২১ অর্থ বছরের ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | কার্যক্রমের অর্জন ১৫/৮/২০ তারিখ কিন্তু সংযুক্ত করা হয়েছে ০৪/১২/২০১৯ তারিখে স্বাক্ষরিত ক্রয় পরিকল্পনা। |
| | | ৮.১ | স্ব স্ব সেবাপ্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) প্রণয়ন/হালনাগাদকরণ ও বাস্তবায়ন | কার্যক্রমের অর্জন ২৫/৮/২০ তারিখ কিন্তু কোন প্রমাণক সংযুক্ত করা হয়নি। |
| | | ৮.৪ | সচিবালয় নির্দেশমালা, ২০১৪ অনুযায়ী নথির শ্রেণী বিন্যাসকরণ কার্যক্রমে প্রমাণক হিসেবে সচিবালয় নির্দেশমালা, ২০১৪ অনুযায়ী নথির শ্রেণী বিন্যাসকরণ | প্রশিক্ষণের তালিকা সংযুক্ত করা হয়েছে। যা যথাযথ নয়। |
| | | ১৩.১ | দপ্তর/সংস্থা কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২১ স্ব স্ব মন্ত্রণালয় এবং ওয়েবসাইটে আপলোডকরণ | কার্যক্রমের কোন প্রমাণক সংযুক্ত করা হয়নি। |
| | | ১৩.২ | নির্ধারিত সময়ে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ | কার্যক্রমের কোন প্রমাণক সংযুক্ত করা হয়নি। |
| ৫ | ডিএমটিসিএল | NIS অগ্রগতি প্রতিবেদন ও সংযুক্ত প্রমাণক সঠিক পাওয়া যায়। | | ডিএমটিসিএল-কে ধন্যবাদ দেয়া হয়। |

৩.০ সভায় দ্বিতীয় প্রান্তিক (অক্টোবর-ডিসেম্বর) এর অক্টোবর মাসের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। কোন কোন ক্ষেত্রে NIS কার্যক্রমের লক্ষ্যমাত্রা বাস্তবায়নে প্রতিবন্ধকতা রয়েছে সে সকল বিষয়ে আলোচনা হয়।

৪.০ সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হয় :

সিদ্ধান্ত :

(১) ওয়েবসাইট হালনাগদ কার্যক্রমসমূহের ক্ষেত্রে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নির্ধারণপূর্বক প্রতি প্রান্তিকে প্রতিবেদনের সাথে হালনাগাদকরণের স্বপক্ষে প্রমাণক সংযুক্ত করতে হবে।

(২) NIS কর্ম-পরিকল্পনার ৬.১ এবং ৮.১ ক্রমিকের কার্যক্রমের নাম মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী পরিবর্তন করতে হবে।

(৩) প্রান্তিকভিত্তিক NIS কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের সাথে কার্যক্রমসমূহ লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জনের স্বপক্ষে প্রমাণকসহ নির্ধারিত সময়ে অগ্রগতি প্রতিবেদন এ বিভাগে প্রেরণ ও ওয়েবসাইটে আপলোড নিশ্চিত করতে হবে।

(৪) প্রথম প্রান্তিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জনের স্বপক্ষে যে সকল প্রমাণক সংযুক্ত করা হয়নি, তা আগামী ৩ (তিন) কার্যদিবসের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে এবং লক্ষ্যমাত্রা অনুযায়ী ওয়েবসাইটসমূহ হালনাগাদ করতে হবে।

(৫) NIS কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কার্যক্রমসমূহ প্রান্তিকভিত্তিক লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ে বাস্তবায়ন করতে হবে।

৫.০ আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/
১০/১১/২০
মোঃ আব্দুল মালেক
অতিরিক্ত সচিব (প্রশাসন)
ও
শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

স্মারক নং-৩৫.০০.০০০০.০১৫.০৬.০৭০.২০-৪৪৭

তারিখ : ২৫ কার্তিক, ১৪২৭
১০ নভেম্বর, ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
০৩। নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ, নগর ভবন, ঢাকা
০৪। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ), এলেনবাড়ি, তেজগাঁও, ঢাকা
০৫। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি), পরিবহন ভবন, মতিঝিল, ঢাকা
০৬। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে) :

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ওয়েব সাইটের শুদ্ধাচার সেবাবক্সে প্রকাশের অনুরোধসহ)
০৩। অতিরিক্ত সচিব (প্রশাসন) ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৪। অফিস কপি/মাস্টার কপি।

১০/১১/২০২০

দীপঙ্কর মন্ডল
উপসচিব
ফোন : ৯৫১৪০৭৫
E-mail: dsmaintenance@rthd.gov.bd